

উড়োজাহাজের পাখায় কেবিন ক্রুদের নাচের ভিডিও ভাইরাল

- A Monitor Desk Report

Date: 31 August, 2023



উড়োজাহাজের পাখার ওপর নাচানাচি করছেন একজন নারী কেবিন ক্রু। কিছুক্ষণ পর আরেকজন পুরুষ কেবিন ক্রু এসে যোগ দিয়েছেন তার সঙ্গে। সম্প্রতি এমনই একটি ভিডিও ভাইরাল হয়েছে সামাজিক যোগাযোগমাধ্যমে।

এই ঘটনায় স্ফোভ প্রকাশ করেছেন সুইস ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স। এ নিয়ে তদন্তও শুরু করেছে তারা।

প্রতিবেদনে বলা হয়েছে, সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে বোয়িং ৭৭৭ উড়োজাহাজের পাখায় দুইজন কেবিন ক্রুর নাচানাচির ভিডিও ভাইরাল হয়েছে। বিমানবন্দরের টার্মিনালে অপেক্ষারত এক যাত্রী এই ভিডিও ধারণ করেন। এরপর ভিডিওটি সামাজিক মাধ্যমে তা প্রকাশ হতে না হতেই রীতিমত ভাইরাল হয়ে গেছে।

ভাইরাল ভিডিওতে দেখা গেছে, এক নারী কেবিন ক্রু উড়োজাহাজের পাখায় নাচানাচি করছেন। এর কিছুক্ষণ পর অপর এক পুরুষ ক্রু সদস্যও বেরিয়ে এসে নাচতে শুরু করেন। এছাড়াও উড়োজাহাজের ইঞ্জিনের সামনে দাঁড়িয়ে দুই ক্রু সদস্যদের ছবি তোলার জন্যও বিভিন্ন অঙ্গভঙ্গি করতে দেখা গেছে।

আরও পড়ুন: [মাঝ আকাশে রক্তবমি যাত্রীর, উড়োজাহাজের জরুরি অবতরণ](#)

চলতি মাসের শুরুর দিকের এই ঘটনা সম্প্রতি সামাজিক মাধ্যমে বেশ ছড়িয়ে পড়েছে। এই ঘটনায় স্ফোভ প্রকাশ করেছেন সুইস ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স।